



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

প্রেস বিজ্ঞপ্তি

১ আগস্ট ২০১৭ খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সেবা অ্যাপস ব্যবহার করে আপনার তথ্য জেনে নিন

নাগরিক সেবা সর্বসাধারণের দোরগোড়ায় পৌঁছে দেয়ার লক্ষ্যে চট্টগ্রাম সিটি কর্পোরেশন প্রথমবারের মত সেবা অ্যাপস চালু করেছে। স্মার্ট ফোনের আইকন ছুঁয়ে 'চট্টগ্রাম সিটি কর্পোরেশন' নামে এই অ্যাপস উদ্বোধন করেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন। গত ৩১ জুলাই ২০১৭ খ্রি. সোমবার, সকালে নগরীর ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন মিলনায়তনে মেয়র আ জ ম নাছির উদ্দীন তার দায়িত্ব গ্রহণের দ্বিতীয় বর্ষপূর্তি অনুষ্ঠানে এ সেবা অ্যাপস চালু করেন। এই সেবা অ্যাপস ব্যবহারের মাধ্যমে নগরীর জনসাধারণ যেকোন ধরনের অভিযোগ সিটি কর্পোরেশনকে অবহিত করতে পারবে। পাশাপাশি সকল নাগরিক সমস্যার তড়িৎ সমাধান সহজতর হবে। আর যেকোন তথ্য ও সেবা দ্রুত পাবে নগরবাসী। এতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সকল সেবা একটি সিঙ্গেল প্ল্যাটফর্মে পাওয়া যাবে। শিক্ষা-স্বাস্থ্যসহ চসিকের সব বিভাগ, ট্যাক্স, ই-টেন্ডার, ফরম, জরুরি সেবা, অভিযোগ বক্স, প্রকল্প, ভবিষ্যৎ পরিকল্পনা ইত্যাদি ফিচার রয়েছে এই অ্যাপসে।

সংবাদদাতা

মো. আবদুর রহিম

জনসংযোগ কর্মকর্তা